# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৭৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৪০]

৪. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ নামাযরত ব্যক্তির পিঠে আবর্জনা কিংবা মৃত জন্তুর ভূড়ি নিক্ষেপ করা হলে নামায নষ্ট হবেনা

## باب إِذَا أُلْقِيَ عَلَى ظَهْرِ الْمُصَلِّي قَذَرٌ أَوْ جِيفَةٌ لَمْ تَفْسُدْ عَلَيْهِ صَلاَتُهُ

---

আরবী

□□□ـ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ : أَنَّ النَّبِيَّ كَانَ يُصَلِّي عِنْدَ الْبَيْتِ وَأَبُو جَهْلٍ وَأَصْحَابٌ لَهُ جُلُوسٌ، إِذْ قَالَ بَعْضُهُمْ لِبَعْض: أَيُّكُمْ يَجِيءُ بِسَلَى جَزُورِ بَنِي فُلانٍ، فَيَضَعُهُ عَلَى ظَهْرِ مُحَمَّدٍ إِذَا سَجَدَ؟ فَانْبَعَثَ أَشْقَى الْقَوْمِ فَجَاءَ بِهِ، فَنَظَرَ حَتَّى سَجَدَ النَّبِيُّ ، وَضَعَهُ عَلَى ظَهْرِهِ بَيْنَ كَتِفَيْهِ، وَأَنَا أَنْظُرُ لا أُغْنِي شَيْئًا، لَوْ كَانَ لِي مَنَعَةٌ، قَالَ: فَجَعَلُوا يَضْحَكُونَ وَيُحِيلُ بَعْضُهُمْ عَلَى بَعْضٍ، وَرَسُولُ اللَّهِ سَاجِدٌ لا يَرْفَعُ رَأْسَهُ، حَتَّى جَاءَتْهُ فَاطِمَةُ، فَطَرَحَتْ عَنْ ظَهْرِهِ، فَرَفَعَ رَسُولُ اللَّهِ رَأْسَهُ، ثُمَّ قَالَ اللَّهُمَّ عَلَيْكَ بِقُرَيْشٍ. ثَلاثَ مَرَّاتٍ، فَشَقَّ عَلَيْهِمْ إِذْ دَعَا عَلَيْهِمْ، قَالَ: وَكَانُوا يَرَوْنَ أَنَّ الدَّعْوَةَ فِي ذَلِكَ الْبَلَدِ مُسْتَجَابَةٌ، ثُمَّ سَمَّى اللَّهُمَّ عَلَيْكَ بِأَبِي جَهْلٍ، وَعَلَيْكَ بِعُتْبَةَ بْنِ رَبِيعَةَ، وَشَيْبَةَ بْنِ رَبِيعَةَ، وَالْوَلِيدِ بْنِ عُتْبَةَ، وَأُمَيَّةَ بْنِ خَلَف، وَعُقْبَةَ بْنِ أَبِي مُعَيْطٍ، وَعَدَّ السَّابِعَ فَنَسِيَهُ الرَّاوِيُ. قَالَ: فَوَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ رَأَيْتُ الَّذِينَ عَدَّ رَسُولُ اللَّهِ صَرْعَى فِي الْقَلِيبِ قَلِيبِ بَدْرٍ. (بخارى:□□□

বাংলা

১৭৬) আব্দুল্লাহ বিন মাসউদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বায়তুল্লাহর নিকটে সালাত আদায় করছিলেন। ঐ সময় নিকটেই আবু জাহেল সঙ্গী-সাথীসহ বসে ছিল। পরস্পর বলাবলি করতে লাগলঃ মুহাম্মাদ যখন সিজদাবনত হবে তখন তোমাদের মধ্যে কে অমুক গোত্রের মৃত উটের নাড়ী-ভুড়ি নিয়ে তার পিঠে চাপাতে পারবে? তখন সবচেয়ে বদনসীব উকবা বিন আবী মুআইত উহা নিয়ে আসল এবং অপেক্ষায় থাকল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সিজদা করলে সে তাঁর পিঠে দু'কাঁধের মধ্যে উহা রেখে দিল। তারা পরস্পরে হাসাহাসি শুরু করে দিল এবং হাসতে হাসতে একজন অন্যজনের উপর ঢলে পড়ছিল। আব্দুল্লাহ্ ইবনে মাসউদ (রাঃ) বলেনঃ আমি এই দৃশ্য দেখছিলাম, কিন্তু আমি কিছু করতে পারছিলাম না। আফসোস! আমার যদি প্রতিহত করার শক্তি থাকত। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সিজদায়

পড়েছিলেন। সিজদা হতে মাথা উঠাতে পারছিলেন না। সংবাদ পেয়ে ফাতেমা (রাঃ) এসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পৃষ্ঠ মোবারক হতে উহা অপসারণ করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাথা উঠালেন, অতঃপর বললেনঃ হে আল্লাহ! তুমি কুরাইশদের পাকড়াও কর- কথাটি তিনবার বললেন। তাদের বিরুদ্ধে রাসূলের দুআর বিষয়টি কঠিন বলে বিবেচিত হল। বর্ণনাকারী বলেনঃ কারণ তারা মনে করত মক্কাতে দুআ কবুল হয়ে থাকে। অতঃপর তিনি নাম ধরে বদ দুআ করে বললেনঃ হে আল্লাহ! তুমি আবু জাহল, উৎবা বিন রাবীআ, শাইবা বিন রাবীআ, ওলীদ বিন উৎবাহ, উমাইয়্যা বিন খাল্ফ এবং উকবা বিন আবী মুআইতকে ধ্বংস করো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লম সাত জনের নাম উল্লেখ করেছেন। কিন্তু বর্ণনাকারী সপ্তম লোকের নাম ভুলে গেছেন।

আব্দুল্লাহ্ বিন মাসঊদ (রাঃ) বলেনঃ শপথ সেই সত্তার যার হাতে আমার প্রাণ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যাদের নাম উল্লেখ করেছিলেন আমি তাদেরকে বদর যুদ্ধের দিন কূপের মধ্যে মৃতাবস্থায় পড়ে থাকতে দেখেছি।

## English

If a dead body or a polluted thing is put on the back of a person offering Salat (prayer), his Salat will not be annulled (rejected by Allah)

Narrated `Abdullah:

While Allah's Messenger (ﷺ) was prostrating (as stated below).

Narrated `Abdullah bin Mas`ud:

Once the Prophet (ﷺ) was offering prayers at the Ka`ba. Abu Jahl was sitting with some of his companions. One of them said to the others, "Who amongst you will bring the Abdominal contents (intestines, etc.) of a camel of Bani so and so and put it on the back of Muhammad, when he prostrates?" The most unfortunate of them got up and brought it. He waited till the Prophet (ﷺ) prostrated and then placed it on his back between his shoulders. I was watching but could not do any thing. I wish I had some people with me to hold out against them. They started laughing and falling on one another. Allah's Messenger (ﷺ) was in prostration and he did not lift his head up till Fatima (Prophet's daughter) came and threw that (camel's Abdominal contents) away from his back. He raised his head and said thrice, "O Allah! Punish Quraish." So it was hard for Abu Jahl and his companions when the Prophet invoked Allah against them as they had a conviction that the prayers and invocations were accepted in this city (Mecca). The Prophet (ﷺ) said, "O Allah! Punish Abu Jahl, `Utba bin Rabi`a, Shaiba bin Rabi`a, Al-Walid

bin `Utba, Umaiya bin Khalaf, and `Uqba bin Al Mu'it [??] (and he mentioned the seventh whose name I cannot recall). By Allah in Whose Hands my life is, I saw the dead bodies of those persons who were counted by Allah's Messenger (ﷺ) in the Qalib (one of the wells) of Badr.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী ▯ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89068

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন